

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়ঃ নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ	ড. মোঃ রেজাউল হক অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বরত) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে
সভার তারিখঃ	১২ জুন ২০১৯
সময়ঃ	১১.০০ টায়

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

২। নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অনুমতিক্রমে উপসচিব মোঃ মহিদুর রহমান মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা ও আঞ্চলিক/মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা ২০১৯-২০২০ সভায় উপস্থাপন করে। উক্ত নির্দেশনার আলোকে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০-এর খসড়া উত্থাপন করা হয়। খসড়া কর্ম-পরিকল্পনার ওপর সংশ্লিষ্ট সকলেই মতামত প্রদান করেন। মতামতের ভিত্তিতে সেসব প্রস্তাব খসড়ায় অন্তর্ভুক্ত করা হয়। পরবর্তী সময়ে উপসচিব (সমন্বয়) মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ৪র্থ কোয়ার্টারের খসড়া প্রতিবেদন উপস্থাপন করেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

- (ক) মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০২০-এর খসড়া কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হয়;
- (খ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা ২০১৯-২০২০ অনুযায়ী দপ্তর/সংস্থা ও আঞ্চলিক/মাঠ পর্যায়ের পরিকল্পনা প্রণয়ন করতে হবে।
- (গ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকার আলোকে মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০-এর খসড়া ১৭ জুন ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে, ২৫ জুন ২০১৯ তারিখের মধ্যে দপ্তর/সংস্থার খসড়া পরিকল্পনা মন্ত্রণালয়ে ও ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে দপ্তর/সংস্থার মাঠপর্যায়ের কার্যালয়ের খসড়া পরিকল্পনা দপ্তর/সংস্থায় প্রেরণ করতে হবে;

(ঘ) মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন ও ত্রৈমাসিক প্রতিবেদন সংক্রান্ত সময়সূচি অনুযায়ী আবশ্যিকভাবে কার্যক্রম পরিচালনা করতে হবে;


(ঙ) বছরের শুরু থেকেই জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে;

(চ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সুষ্ঠু বাস্তবায়নের জন্য পর্যবেক্ষণ ও মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে;

(ছ) মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ৪র্থ কোয়ার্টারের খসড়া প্রতিবেদন অনুমোদন করা হয়; এবং

(জ) ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে কোন কার্য সম্পাদন হলে তা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে।

৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মোঃ রেজাউল হক

অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বরত)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়